দৈনিক সংবাদ

14

তারিখ 03 SEP 1987
পৃষ্ঠা 1 কলাম 5

# বিশ্ববিদ্যালয়ে অস্ত্রের উৎসমুখ চিরদিনের জন্য বন্ধ করতে হবে

## —হাসিনা

জাতীয় সংসদে বিরোধী দলের নেত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনা অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার দাবী জানিয়েছেন।

গতকাল কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দের সাথে ১৫ দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দের বৈঠকে সভানেত্রীর ভাষণে শেখ হাসিনা এ আহ্বান জানান।

শেখ হাসিনা বলেন, বিশ্ববিদ্যালয়ে অস্ত্রের ঝনঝনানি অবশ্যই বন্ধ করতে হবে এবং অস্ত্রের উৎসমুখ চিরদিনের জন্য বন্ধ করতে হবে। তিনি বলেন, অস্ত্রের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতা দখলের ধারা পরিবর্তন করতে না পারলে সত্যিকার অর্থে ক্যাম্পাসকে অস্ত্রমুক্ত করা কঠিন। শেখ হাসিনা বলেন, এ মুহূর্তে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের বাঁচানোই আমাদের প্রধান কাজ এবং বাংলার মানুষকে চিরদিনের জন্য শোষণের হাত থেকে মুক্ত করাই আমাদের রাজনীতির চূড়ান্ত লক্ষ্য।

ছাত্রনেতৃবৃন্দের মধ্যে সুলতান মোহাম্মদ মনসুর, মোহাম্মদ তাহের উল্লাহ, নূর মোহাম্মদ বকুল, মোঃ মহিউদ্দিন মহি, নরুল ফজল বুলবুল, এনায়েতুর রহীম প্রমুখ উপস্থিত ছিলেন।

### শ্রমিক-কর্মচারীদের সাথে মত বিনিময়

শ্রমিক-কর্মচারীদের সঙ্গে মতবিনিময়কালে ৮দলীয় নেতৃবৃন্দ ঐক্য পরিষদ আহুত আন্দোলনের প্রতি সমর্থন জ্ঞাপন করেন।

বৈঠকে শেখ হাসিনা বলেন, আন্দোলনের মুখে শ্রমিক-কর্মচারীদের বেতন কিছুটা বাড়ানো হলেও দ্রব্যমূল্য বৃদ্ধি করে তা কেড়ে নেয়া হচ্ছে। দ্রব্যমূল্য সরকারের নিয়ন্ত্রণের বাইরে যাওয়ায় নির্দিষ্ট আয়ের শ্রমিক-কর্মচারীদের জীবনে ভয়াবহ দুর্যোগ নেমে এসেছে।

শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদের পক্ষে হাবিবুর রহমান

(শেষ পৃঃ ৬-এর কঃ মঃ)

হাসিনা

( ১ম পাতার পর )

সিরাজ, ফজলুল হক মন্টু, ডাঃ ওয়াজেদুল ইসলাম, শহীদুল্লাহ চৌধুরী, ইয়াকুব আলী ভুইয়া, শফিউদ্দিন আহমদ এমরান, মোঃ খুরশীদ আলম, আঃ ওয়াহেদ, হিমাংশু সিংহ, আসাদ উল্লাহ আল রাজী প্রমুখ নেতা উপস্থিত ছিলেন।

### আজকের কর্মসূচী

৮ দলীয় নেতৃবৃন্দ আজ বিকেল ৫টায় ১৭টি কৃষক ও ক্ষেতমজুর সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে এবং সন্ধ্যা ৬টায় বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের এবং ৭টায় সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।